

বাংলাদেশ মহিলা পরিষদের সভাপতি আয়শা খানম এর মৃত্যুতে শ্রম প্রতিমন্ত্রীর শোক  
ঢাকা, ০২ জানুয়ারি, ২০২১ঃ

বাংলাদেশ মহিলা পরিষদের সভাপতি বীর মুক্তিযোদ্ধা আয়শা খানম- এর মৃত্যুতে গভীর শোক ও  
দুঃখ প্রকাশ করেছেন শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী বেগম মনুজান সুফিয়ান এমপি।

আজ এক শোকবার্তায় প্রতিমন্ত্রী মরহুমার রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর শোকসন্তপ্ত  
পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

শোকবার্তায় শ্রম প্রতিমন্ত্রী জানান, বীর মুক্তিযোদ্ধা আয়শা খানম মহান মুক্তিযুদ্ধসহ সকল গণতান্ত্রিক  
ও প্রগতিশীল আন্দোলনে সক্রিয়ভাবে জড়িত ছিলেন। নারীর অধিকার আদায় ও প্রতিষ্ঠায় তিনি  
আমৃত্যু কাজ করে গেছেন। তাঁর মৃত্যুতে দেশের নারী সমাজ একজন অকৃত্রিম বন্ধু ও সাহসী  
সহযোদ্ধাকে হারালো।

উল্লেখ্য, বীর মুক্তিযোদ্ধা আয়শা খানম আজ শনিবার (০২ জানুয়ারি) আনুমানিক ভোর ৫টার দিকে  
রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না  
ইলাইহি রাজিউন)। তিনি দীর্ঘদিন ধরে ক্যান্সারে ভুগছিলেন।

মোঃ আকতারুল ইসলাম

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

ফোন-৯৫৭৩৮৩৯

মোবাইলঃ ০১৭১৮৮৫১৮৫১

Email : aktarullalpur@gmail.com